49036 - অন্যের পক্ষ থেকে কংকর নিক্ষেপ করার বিধান

প্রশ্ন

আমি এক বৃদ্ধ লোকের পক্ষ থেকে কংকর নিক্ষেপ করেছি। এমতাবস্থায় আমার উপর কি কোন কিছু অবধারিত?

প্ররিয় উত্তর

আলহামদু লিল্লাহ।.

এই ব্যক্তি যিনি আপনাকে কংকর নিক্ষেপ করার দায়িত্ব দিয়েছেন তিনি যদি কষ্টের কারণে কিংবা ভীড়ের কারণে কংকর নিক্ষেপ করতে সক্ষম না হন; তাহলে তার পক্ষ থেকে আপনার কংকর নিক্ষেপ করা জায়েয আছে। আপনি উল্লেখ করেছেন যে, তিনি বৃদ্ধ। বেশির ভাগ ক্ষেত্রে বৃদ্ধ ব্যক্তির অবস্থা হচ্ছে তিনি নিজে কংকর নিক্ষেপ করতে সক্ষম নন।

স্থায়ী কমিটির ফতোয়াসমগ্রে (১১/২৮৬) এসেছে:

"যে ব্যক্তি কংকর নিক্ষেপ করতে অক্ষম তিনি অন্যকে কংকর নিক্ষেপ করার দায়িত্ব দিবেন। এক্ষেত্রে জমরায়ে আকাবা ও অন্য জমরা সবগুলোই সমান। দায়িত্ব দিতে হবে আস্থাভাজন এমন ব্যক্তিকে যিনি ঐ বছর হজ্জ করতেছেন..."[সমাপ্ত]

সুতরাং বৃদ্ধ ব্যক্তির পক্ষ থেকে আপনার কংকর নিক্ষেপ করা জায়েয; এর জন্য আপনার উপরে কোন কিছু বর্তাবে না।

আপনার উপর ওয়াজিব হল প্রত্যেক জমরাতে প্রথমে আপনি নিজের কংকর নিক্ষেপ করবেন; এরপর আপনি তার পক্ষ থেকে নিক্ষেপ করবেন। এভাবে প্রত্যেক জমরার ক্ষেত্রে করবেন। তিনটি জমরাতে আপনার কংকর মারা শেষ করে উনার কংকর মারার জন্য ফিরে আসা আবশ্যক নয়। বরং আপনি একই স্থান থেকে তার পক্ষ থেকে ও আপনার নিজের পক্ষ থেকে কংকর মারতে পারবেন। কিন্তু; আপনি নিজের কংকর আগে মারবেন।

আরও জানতে দেখুন: 36853 নং প্রশ্নোত্তর।